

স্বাক্ষর
২০/৮/০৭

মাদ্রাসা শিক্ষার সিলেবাস প্রসঙ্গে

আমি বেসরকারী শিক্ষক নিবন্ধন পরীক্ষার সিলেবাস ও বিজ্ঞপ্তিতে দেখলাম যে, কলেজে আরবী ও ইসলামী শিক্ষা বিষয়ে শুধু কলেজ থেকে বা বিশ্ববিদ্যালয় থেকে যারা পাস করেছে, তারা আবেদন করতে পারবে, মাদ্রাসা থেকে পারবে না। দ্বিতীয়ত, কলেজের আরবী ও ইসলামী শিক্ষা বিষয়ে ক ও খ বিভাগ আছে। তাহলে যে কোন একটি উত্তর দিতে হবে। মাদ্রাসার কোরআন, হাদীস, ফিকাহ, আরবী ঐ ৪টি বিষয়ের পদ একটি আরবী এবং সিলেবাস একটি বাধ্যতামূলক। এখানে ক ও খ বিভাগ নেই, কলেজের মত অথচ কোরআন, হাদীস, ফিকাহ এগুলো সম্পূর্ণ আরবী সাহিত্য থেকে আলাদা। তা সত্ত্বেও কোরআন, হাদীস, ফিকাহ নিয়ে কোন আলাদা গ্রুপ নেই। আরবী বিষয়েও ক ও খ বিভাগ নেই। কিন্তু কামিল শ্রেণীতে এগুলো সম্পূর্ণ ভিন্ন ভিন্ন বিষয় প্রশ্নও ভিন্ন হয়, কিন্তু এখানে এসে এক হল কেন?

মাদ্রাসায় দাখিল, আলিম, ফাজিল, কামিল শ্রেণীতে খুবই কঠিন সিলেবাস তা সত্ত্বেও তারা কলেজে আবেদন করতে পারবে না। অপরদিকে আমরা যদি স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের ইসলামী শিক্ষা সিলেবাসের দিকে তাকাই তাহলে দেখা যায় যে, মাদ্রাসার সিলেবাসের সাথে কোন তুলনাই হয় না। অথচ মাদ্রাসার ছাত্রদের বাংলা, ইংরেজী, গণিত, সাধারণ জ্ঞান আবশ্যিক ১০০ নম্বরের পরীক্ষার সিলেবাস সম্পূর্ণ এক মাদ্রাসা শিক্ষার প্রতি এমন বিমাতা সুলভ আচরণ কেন? বিষয়টি একবার ভেবে দেখার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

-এম এস মাহমুদ
দক্ষিণগাঁও (কুমুম্বাগ)
বাসাবো, ঢাকা-১২১৪।